# তৃণমূল বিধায়ক খুনে চার্জশিটে বিজেপি সাংসদের নাম, ষড়যন্ত্রের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** কৃষ্ণগঞ্জের বিধায়ক সত্যজিৎ বিশ্বাস খুনের মামলার সিআইডির সাপ্লিমেন্টারি চার্জশিটে, বিজেপির সাংসদ জগন্নাথ সরকারের নাম থাকায়, এবার ক্ষোভে ফেটে পড়ল বিজেপি নেতৃত্ব। তৃণমূলের বিরুদ্ধে সাংসদকে মিথ্যে মামলায় জড়ানোর অভিযোগে সরব হয়েছে বিজেপি নেতৃত্ব। কার্যত তৃণমূলকেই কাঠগড়ায় তুলেছে গেরুয়া শিবির। সোমবার রানাঘাট আদালতে কৃষ্ণগঞ্জের বিধায়ক সত্যজিৎ বিশ্বাস খুনের মামলায় সাপ্লিমেন্টারি চার্জশিট জমা দেয় সিআইডি। সেই চার্জশিটে রানাঘাট লোকসভা কেন্দ্রের সাংসদ জগন্নাথ সরকারের নাম থাকায়, এবার ক্ষোভে ফুঁসে উঠেছে বিজেপি নেতৃত্ব। এতেই ক্রমশ উত্তেজনার পারদ চড়ছে রাজ্য রাজনীতিতে।

প্রয়াত বিধায়ক সত্যজিৎ বিশ্বাস।

এরইমধ্যে একান্ত সাক্ষাৎকারে নদিয়ার উত্তর বিজেপি যুব মোর্চার সভাপতি সৈকত সরকার, শাসক দলকে লক্ষ্য করে হুংকার ছেড়েছেন। এপ্রসঙ্গে তিনি বলেন, 'দল জগন্নাথ দা-র পাশে রয়েছে। তৃণমূল মিথ্যে মামলায় তাঁকে জড়িয়ে দেওয়ার চেষ্টা করছে।'

## নদিয়া

সৈকতবাবু আরও বলেন, 'ক্রমশ তৃণমূল কংগ্রেসের পায়ের নীচের মাটি সরে যাচ্ছে। তাই ২০২১-এর বিধানসভা নির্বাচনের আগে পুলিশ সিআইডি দিয়ে বিজেপি নেতাদের ভয় দেখাতে চাইছে তারা। যাতে আন্দোলন থেকে সরে আসে বিজেপি।'

তিনি বলেন, 'তৃণমূল কংগ্রেসের এই চিন্তা ভাবনা একেবারেই ভুল। সত্যজিৎ বিশ্বাস-সহ হাঁসখালিতে তৃণমূলের আর এক নেতা দুলাল বিশ্বাস খুনের কোনও তদন্ত হয়নি। ২১-এ বিজেপি ক্ষমতায় এলে, প্রত্যেকটা খুনের তদন্ত হবে। তারপরই প্রকৃত সত্য সামনে আসবে কারা এই খুনের সঙ্গে জড়িত।' শুধু তাই নয়, তৃণমূল কংগ্রেসকে সাবধান করে যুবমোর্চা সভাপতি বলেন, 'তৃণমূল কংগ্রেস যদি এই নোংরামো বন্ধ না-করে, তাহলে আগামী দিনে তৃণমূলের অবস্থা খারাপ হবে বলেও এদিন হুমকি দেন যুব মোর্চা সভাপতি সৈকত সরকার।

---

### অবৈধভাবে বিল তৈরি করতে অস্বীকার

# বিজেপির পঞ্চায়েত প্রধানের স্বামীকে পেটাল তৃণমূল নেতা

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** ১০০ দিনের কাজের অবৈধভাবে বিল তৈরি করতে অস্বীকার করায়, এবার বিজেপির পরিচালিত পঞ্চায়েত প্রধানের স্বামীকে মারধরের অভিযোগ উঠল তৃণমূল নেতার বিরুদ্ধে। সোমবার রাতে ঘটনাটি ঘটেছে মানিকচক থানার ভূমি দপ্তর সংলগ্ন এলাকায়। এই ঘটনায় বিজেপি প্রধানের আক্রান্ত স্বামী, মানিকচক থানায় অভিযুক্ত ওই তৃণমূল নেতার বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন। যদিও সমস্ত অভিযোগ অস্বীকার করেছে ওই তৃণমূল নেতা। অভিযোগের ভিত্তিতে ঘটনায় তদন্তে শুরু করেছে মানিকচক থানার পুলিশ।

ঘটনাটি মানিকচক ব্লকের বিজেপি পরিচালিত নাজিরপুর পঞ্চায়েতের। সেখানকার পঞ্চায়েত প্রধানের পদে রয়েছেন বিজেপি সদস্য পম্পা সরকার। পঞ্চায়েতের কাজকর্ম স্ত্রীর সঙ্গে দেখাশুনা করেন স্বামী সুজয় গোস্বামী। সুজয়বাবুকে মারধরের অভিযোগ উঠেছে ওই অঞ্চলের বাসিন্দা তৃণমূল নেতা রাজকুমার মণ্ডলের বিরুদ্ধে। তৃণমূল নেতা রাজকুমার মণ্ডলের স্ত্রী দীপালি মণ্ডল মানিকচক পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ।

ঘটনায় আক্রান্ত সুজয় গোস্বামী জানান, প্রায় ৩ মাস আগে ১০০ দিনের কাজের একটি ফর্ম ভর্তি করে আমার কাছে নিয়ে আসেন রাজকুমার মণ্ডল। বেআইনিভাবে বিল করে দেওয়ার জন্য চাপ দিতে থাকেন তিনি। কিন্তু সেই কাগজে স্থানীয় পঞ্চায়েত সদস্যের স্বাক্ষর ছিল না। পঞ্চায়েত সদস্য স্বাক্ষরের জায়গায় পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ স্বাক্ষর করে, অবৈধভাবে বিল করার জন্য চাপ দিতে থাকেন ওই তৃণমূল নেতা। কিন্তু সেই অবৈধ কাজে সম্মতি দেননি প্রধানের স্বামী সুজয় গোস্বামী। ফলে বিল পাশ না-হওয়ায়, ওই তৃণমূল নেতার কর্মীরাও টাকা পাননি। এই নিয়ে আমার প্রতি আক্রোশ ছিল তার। অভিযোগ করে তিনি বলেন, 'নিজস্ব কাজে এদিন মানিকচক ভূমি দপ্তরে এসেছিলাম। তখন আমাকে দেখতে পেয়ে চড় থাপ্পড় মারতে শুরু করে দেন তৃণমূল নেতা রাজকুমার মণ্ডল। অন্যান্যরা ছুটে এসে আমাকে বাঁচায়। এরপর প্রাণে মারার হুমকিও দেয় ওই তৃণমূল নেতা। তৎক্ষণাৎ বিজেপির নেতৃত্বকে সঙ্গে নিয়ে থানায় ছুটে যান সুজয়বাবু। তারপর অভিযুক্ত তৃণমূল নেতা রাজকুমার মণ্ডলের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন। প্রাণহানির আশঙ্কায় উপযুক্ত ব্যবস্থা দাবি তুলেছেন আক্রান্ত সুজয় গোস্বামী।

এদিন রাতেই খবর পেয়ে থানায় ছুটে আসেন মালদা জেলার বিজেপির সহ সভাপতি সন্তোষ মণ্ডল, মানিকচক মণ্ডল বিজেপি সভাপতি বিশ্বজিৎ মণ্ডল-সহ মানিকচক বিজেপি নেতৃত্বরা। এদিকে অভিযোগ পেয়েই রাতেই মানিকচক থানার পুলিশ ভূমি দপ্তর সংলগ্ন এলাকার ঘটনাস্থল খতিয়ে দেখে তদন্ত শুরু করে।

এ প্রসঙ্গে মালদা জেলা বিজেপির সহ-সভাপতি সন্তোষ মণ্ডল জানান, একের পর এক বিজেপি নেতা কর্মীদের ওপর আক্রমণ করে চলেছে তৃণমূল। তারই পুনরাবৃত্তি মানিকচকের এই ঘটনা। অবৈধভাবে পঞ্চায়েত বিল করতে রাজি না-হওয়ায়, দলীয় প্রধানের স্বামীকে মারধর করেছে তৃণমূলের ওই নেতা। এমনকী, প্রাণে মারার হুমকি দিয়েছেন। প্রশাসনের কাছে অভিযুক্তের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার দাবি জানিয়েছে বিজেপি নেতৃত্ব। তা না-হলে আরও বৃহত্তর আন্দোলনে নামার হুঁশিয়ারিও দিয়েছে গেরুয়া শিবির।

---

# আলুর মূল্যবৃদ্ধির প্রতিবাদে বিজেপির বিক্ষোভ শান্তিপুরে

**নিজস্ব প্রতিবেদন, নদিয়া:** আলুর অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রতিবাদে এবার শান্তিপুর বড়বাজারের সবজি বাজারের সামনে বিক্ষোভ দেখাল বিজেপি। আলুর দাম অতিরিক্ত বাড়ায়, সাধারণ মানুষের নাভিশ্বাস উঠেছে। তাদের অভিযোগ, রাজ্য সরকারের এ ব্যাপারে কোনও হেলদোল নেই। তাই সাধারণ মানুষের কথা মাথায় রেখেই মঙ্গলবার সকাল ১১টা নাগাদ শান্তিপুর বড়বাজার সবজি বাজার মোড়ে শান্তিপুর টাউন বিজেপির পক্ষ থেকে একটি মডেল প্রদর্শনী-সহ বিক্ষোভ প্রদর্শন শুরু করে বিজেপি। এ বিষয়ে টাউন বিজেপির সভাপতি বিপ্লব কর জানান, আলুর দাম প্রতিদিনই বেড়েই চলেছে। ৩৫ টাকা কেজি আলু কিনতে গিয়ে, নাজেহাল হয়ে যাচ্ছে সাধারণ মানুষ। শান্তিপুরের বেশিরভাগ সাধারণ মানুষ তাঁত বুনে সংসার চালান। মহাজনের কাছ থেকে ১০০ টাকা ধার করে, বাজারে আলু কিনতে গিয়ে সেই টাকা নিমেষে শেষ হয়ে যাচ্ছে। ইচ্ছে থাকলেও মাছ-মাংস কেনার পয়সাটুকুও পকেটে থাকছে না-তাঁদের। তাই রাজ্য সরকারের কাছে আমরা দৃষ্টি আকর্ষণ করছি, তারা যেন এই দিকে একটু নজর দেয়। তা না-হলে বিজেপির এই বিক্ষোভ শুধু শান্তিপুর নয়, আগামী দিনে সারা রাজ্যব্যাপী চলবে। কারণ এমনিতেই করোনা আবহের কারণে সাধারণ মানুষের জীবন-জীবিকা একেবারে তলানিতে ঠেকেছে। তার ওপরে সাধারণ মানুষের দু'বেলা ঠিক করে খাওয়া জুটছে না। এরপরে সাধারণ মানুষ যাবে কোথায়? তাঁদের কথা মাথায় রেখেই আজকে আমাদের এই বিক্ষোভ কর্মসূচি।

---

# ক্রেতা সেজে গয়না চুরি করতে গিয়ে হাতেনাতে পাকড়াও চোর

### পোস্টে বেঁধে পেটাল জনতা

**নিজস্ব প্রতিবেদন, হাওড়া:** ক্রেতা সেজে গয়না চুরি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়ল চোর। লাইটপোস্টে বেঁধে তাকে পেটাল ক্ষুব্ধ জনতা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে উন্মত্ত জনতার হাত থেকে ওই যুবককে উদ্ধার করল পুলিশ। মঙ্গলবার সকাল সাড়ে দশটা নাগাদ ঘটনাটি ঘটেছে হাওড়ার বদর বাজার এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, অভিনব কায়দায় ওই বাজারের একটি সোনার দোকানে ঢুকে গয়না চুরি করতে এসেছিল মোহাম্মদ সেক নামের ওই যুবক। কিন্তু দোকানের মালকিনের তৎপরতায় ধরা পড়ে যায় ওই দুষ্কৃতী। এরপরই ওই যুবককে লাইটপোস্টের সঙ্গে বেঁধে মারধর শুরু করে উত্তেজিত জনতা। তারপর স্থানীয়রা ওই যুবককে পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত যুবকের বাড়ি টিকিয়াপাড়া থানার কারবালা এলাকায়। স্থানীয়রা জানিয়েছেন, বদর বাজারের বাস স্ট্যান্ড লাগোয়া সোনার দোকান রয়েছে নীলিমা রায়ের। অভিযুক্ত যুবক এদিন তাঁর দোকানে ঢুকে গয়না দেখতে চায়। সেই মতোই একের পর এক গয়না নামিয়ে, ওই যুবককে দেখাতে থাকেন নীলিমাদেবী।

তাঁর অভিযোগ, তিনি যখন গয়না নামাতে ব্যস্ত ছিলেন, সেই সময় তাঁর অলক্ষে আগে নামানো দু'টো গয়নার বাক্স থেকে দুটি আংটি নিজের আঙুলে ঢুকিয়ে নেয় অভিযুক্ত। একইসঙ্গে ৩ জোড়া সোনার কানের দুলও ওই যুবক, নিজের হাতে থাকা মোবাইলের কভারে লুকিয়ে নেয় বলে অভিযোগ। নীলিমাদেবী বাক্সে সোনা কম দেখে ওই যুবককে জিজ্ঞাসা করলে, এড়িয়ে যায় সে। তখনই নীলিমাদেবীর নজর আসে, ওই যুবকের হাতে থাকা মোবাইলের কভারে কিছু একটা চকচক করছে। তার হাত চেপে ধরতেই, পালিয়ে যাওয়ার চেষ্টা করে ওই যুবক। এরপর তাঁর চিৎকারে আশেপাশের ব্যবসায়ীরা ছুটে এসে যুবককে হাতেনাতে ধরে ফেলেন। তল্লাশিতে ওই যুবকের কাছ থেকে সমস্ত খোয়া যাওয়া সোনার গয়না উদ্ধার করা হয়। অভিযুক্তকে মারধর করে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ ধৃতকে হাওড়া হাসপাতালে শারীরিক পরীক্ষা করায়।

আপাতত ওই যুবককে আটক করে পুলিশ জিজ্ঞাসাবাদ করে জানার চেষ্টা করছে, এই চক্রের সঙ্গে আর কেউ যুক্ত রয়েছে কি না।

---

# নদীতে ভেসে উঠল অন্তঃসত্ত্বার দেহ

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** অন্তঃসত্ত্বা এক মহিলার দেহ নদীর জলে ভেসে ওঠায়, চাঞ্চল্য ছড়িয়েছে গোপালপুরে। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে ইংরেজবাজার থানার খাসকোল এলাকার গোপালপুর নদীর ঘাটে। অজ্ঞাত পরিচয়ের ওই মহিলার দেহ ভাসতে দেখে এলাকায় ব্যাপক শোরগোল পড়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় মিলকি ফাঁড়ির পুলিশ। মৃতদেহ শরীরে একটি সাদা কাগজের চিরকুট উদ্ধার করে পুলিশ। তাতেই ওই মহিলার নাম, পরিচয় এবং মোবাইল নম্বর উদ্ধার করে তদন্তকারী পুলিশ কর্তারা।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত মহিলার নাম ভাজীয়া দেবী (৩৫)। তাঁর বাড়ি বিহারের মাগুরা এলাকায়। প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে, ওই মহিলা অন্তঃসত্ত্বা রয়েছেন। তবে বিহারের বাসিন্দা ওই মহিলার দেহ খাসকোল এলাকায় নদীতে কীভাবে-কোথা থেকে এলো, তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিক্যাল কলেজে পাঠিয়েছে পুলিশ। পাশাপাশি মৃতের কাছ থেকে উদ্ধার হওয়া মোবাইল নম্বরের সূত্র ধরে তাঁর আত্মীয়দের সঙ্গে যোগাযোগ করছে পুলিশ।

---

## নীলাচল মিনারেলস লিমিটেড

**CIN : L10400WB1907PLC001722**
রেজিঃ অফিস: ১৭, রয় স্ট্রিট, একতলা, কলকাতা-৭০০০২০
টেলি নং: ০৩৩-৪০৬৫ ৯১২৭, ই-মেল-neelachalkolkata@gmail.com

**৩১ মার্চ, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

[illegible] ১১ (লক্ষ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | বর্ষ সমাপ্ত |
|---|---|---|---|
| | মার্চ ৩১, ২০২০ | মার্চ ৩১, ২০১৯ | ডিসেম্বর [redacted] |
| কার্যাদি থেকে মোট আয় (নিট) অন্য পরবর্তী স্বাভাবিক কার্যাদি থেকে | ১১.৪৮ | ৭.২৫ | [redacted] |
| নিট লাভ/(ক্ষতি) | *(৫.৭১) | *(৮.৮৮) | ১০.২৪ |
| কর পরবর্তী (বিশেষ দফা পরবর্তী) সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) | *(৫.৭১) | *(৮.৮৮) | ১০.২৪ |
| ইকুইটি শেয়ার মূলধন | ৩১.৪৮ | ৩১.৪৮ | ৩১.৪৮ |
| মজুত (বিগত বর্ষের উদ্বর্তপত্রে দর্শিত পুনর্মূল্যায়ন ব্যতীত) | - | - | - |
| শেয়ার প্রতি আয় (ইপিএস): | | | |
| (ক) মৌলিক ইপিএস বিশেষ দফা পূর্বে ও পরে (টা.) (* বার্ষিকীকৃত নয়) | *(১.৮১) | *(২.৮২) | *৩.২৫ |
| (খ) মিশ্রিত ইপিএস বিশেষ দফা পূর্বে ও পরে (টা.) (* বার্ষিকীকৃত নয়) | *(১.৮১) | *(২.৮২) | *৩.২৫ |

বোর্ডের আদেশানুসারে
নীলাচল মিনারেলস লিমিটেড -এর পক্ষে
স্বা/- তেজস দেশী
ডিরেক্টর

স্থান: কলকাতা
তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০২০

---

## APEX TRADERS & EXPORTERS LIMITED

CIN: L51909WB1988PLC033173
Registered Office: Poddar Point, 10th Floor, 113 Park Street, Kolkata - 700016
Ph. No. 033-4019 0800, Fax No. 033-4019 0823
E-mail: corp@titagarh.in

**EXTRACT OF STANDALONE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2020** (Rs. In Lacs)

| SL. No. | PARTICULARS | Quarter 30.06.2020 (Unaudited) | Quarter 30.06.2019 (Audited) |
|---|---|---|---|
| 1 | Total Income from operations | 0.01 | 4.15 |
| 2 | Net Profit/(Loss) for the period (before Tax and Exceptional items) | -0.06 | 3.91 |
| 3 | Net Profit/(Loss) for the period before tax (after exceptional items) | -0.06 | 3.91 |
| 4 | Net Profit/(Loss) for the period after tax (after exceptional items) | -0.27 | 3.91 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | -0.27 | 3.91 |
| 6 | Paid-up Equity Share Capital | 20.00 | 20.00 |
| 7 | Earnings Per Share (EPS) (Face value of Rs.10 each) Basic & Diluted (*not annualised) | -0.14 | 1.96 |

Notes :
1. The above is an extract of the detailed format of Financial Results for the quarter ended 30th June, 2020 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of standalone Financial Results for the quarter ended on 30 June 2020 are available on stock exchange website (www.cse-india.com)
2. The above financial results for the quarter ended 30th June, 2020 have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at the meetings held on September 14, 2020.

For and on behalf of Board of Directors
Sd/-
**Pawan Kumar Agarwal**
Director

Place : Kolkata
Date: September 14, 2020

---

## কন্টিনেন্টাল ভালভস্ লিমিটেড

CIN No. L29221WB1982PLC057718
রেজিস্টার্ড অফিস: ৭৫৬, আনন্দপুর, ইএম বাইপাস, কলকাতা-৭০০১০৭
ফোন নং: (০৩৩) ৪০১৯ ০৮০০; ফ্যাক্স নং (০৩৩) ৪০১৯ ০৮২৩
ই-মেল: corp@titagarh.in, continentalvalve@gmail.com

৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের [illegible] অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ
লক্ষ টাকায়

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত |
|---|---|---|---|---|---|
| | | ৩০.০৬.২০২০ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২০ (নিরীক্ষিত) | ৩০.০৬.২০১৯ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২০ (নিরীক্ষিত) |
| ১. | কার্যাদি থেকে মোট আয় | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ২. | নিট লাভ / (ক্ষতি) সময়কালের জন্য (কর এবং ব্যতিক্রমী দফাদি পূর্ববর্তী) | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ৩. | নিট লাভ/ (ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ববর্তী (ব্যতিক্রমী দফাদি পরবর্তী) | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ৪. | নিট লাভ/ (ক্ষতি) সময়কালের জন্য কর পরবর্তী (ব্যতিক্রমী দফাদি পরবর্তী) | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ৫. | মোট ব্যাপক আয় সময় কালের জন্য [(কর পরবর্তী) সময় কালের জন্য লাভ/(ক্ষতি) অন্তর্ভুক্ত এবং অন্যান্য ব্যাপক আয়] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ৬. | চুকিয়ে দেওয়া ইকুইটি শেয়ার মূলধন | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ৭. | শেয়ার প্রতি রোজগার (ইপিএস) (প্রত্যেকটি প্রতিটি ১০/- টাকা মূল্যের) মূল ও মিশ্র (বার্ষিকীকরণ হয়নি) | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

দ্রষ্টব্য :
(১) উপরোক্ত সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে সমূহে দাখিল করা ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফরম্যাট এর সারাংশ। ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য [illegible] আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (**www.cse-india.com**)-তে।
(২) ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য উপরোক্ত আর্থিক ফলাফল নিরীক্ষণ কমিটি দ্বারা পুনরীক্ষিত ও পরিচালন পর্ষদ কর্তৃক অনুমোদিত, ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত সভায়।

পর্ষদের আদেশানুসারে পক্ষে ডিরেক্টর
**শম্ভু ব্যানার্জী**
ডিরেক্টর
DIN: 01758408

স্থান: কলকাতা
তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০১৯

---

## THE GROB TEA CO. LTD

Regd Office : "Haute Street", 9th Floor, 86A, Topsia Road, Kolkata 700046
Phone No. +91-33-4003-1325/26
Email: grobtea@rawalwasia.co.in Website : www.grobtea.com
CIN : L74110WB1895PLC000963

**UN AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2020**

(₹ in Lacs)

| Sl. No. | Particulars | Quarter Ended 30th June, 2020 | Quarter Ended 30th June, 2019 |
|---|---|---|---|
| | (Refer Notes below) | (Unaudited) | (Unaudited) |
| 1 | Total income from operations | 1,449.16 | 1,637.08 |
| 2 | Net Profit/ (Loss) for the period (before tax and exceptional items) | 345.73 | 227.42 |
| 3 | Net Profit/ (Loss) for the period before tax (after exceptional items) | 345.73 | 227.42 |
| 4 | Net Profit/ (Loss) for the period after tax (after exceptional items) | 345.73 | 227.42 |
| 5 | Other comprehensive income (net of tax) | 0.89 | 7.43 |
| 6 | Total Comprehensive Income for the period (Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)) | 346.62 | 234.85 |
| 7 | Equity Share Capital | 116.23 | 116.23 |
| 8 | Earning Per Share (of Rs. 10/- each) (Before & after extraordinary items) (not annualised for quarterly figures) | | |
| | a) Basic | 29.75 | 19.57 |
| | b) Diluted | 29.75 | 19.57 |

**Note :** 1) The above is an extract of the detailed format of Quarterly Financial Results ended June 30, 2020 filed with Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosures Requirements) Regulations, 2015. The full format of the Unaudited Financial Results for the quarter ended June 30, 2020 are available on website of the National Stock Exchange of India i.e. www.nseindia.com and on the webiste of the Company i.e. www.grobtea.com

For and on behalf of the Board
Sd/-
(I B Sharaf)
Executive Director

Place : Kolk [redacted]
Date : ember, 2020

---

## এনপিআর ফিনান্স লিমিটেড

CIN: L65921WB1989PLC047091
রেজিঃ অফিস : টোডি ম্যানশন, ১০ম তল, ১ লু স্যুন সরণি, কলকাতা-৭০০ ০৭৩
ফোন নং: ০৩৩-২২৩৭৭২০১/৭২০২, ইমেল আইডি: nprf@nprfinance.com
ওয়েবসাইট: www.nprfinance.com

**৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ** (টাকা লাখে)

| ক্র. নং | বিবরণ | তিন মাস সমাপ্ত ৩০/০৬/২০২০ | তিন মাস সমাপ্ত ৩১/০৩/২০২০ | তিন মাস সমাপ্ত ৩০/০৬/২০১৯ | বর্ষ সমাপ্ত ৩১/০৩/২০২০ |
|---|---|---|---|---|---|
| | | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১০০.০৪ | ৫১১.২৮ | ১,২৬৩.৬৬ | ২,৮৪০.১৬ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে) | ৩৫.৩০ | (২.৫৭) | ১৩১.৪৫ | ১৭৭.৩৮ |
| ৩ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে) | ৩৫.৩০ | (২.৫৭) | ১৩১.৪৫ | ১৭৭.৩৮ |
| ৪ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে) | ২৭.২১ | ২০.১৬ | ১৩০.৬৬ | ১৬৫.৮২ |
| ৫ | সময়কালের জন্য মোট অনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য অনুপুঙ্খিক আয় (করের পরে)] | ২৭.২১ | ২০০.৯৮ | ১৩৩.৬৬ | ৩৪৪.৩৬ |
| ৬ | ইকুইটি শেয়ার মূলধন | ৫৯৮.৯৬ | ৫৯৮.৯৬ | ৫৯৮.৯৬ | ৫৯৮.৯৬ |
| ৭ | রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে) পূর্ববর্তী বছরের নিরীক্ষিত উদ্বৃত্তপত্রে যেমন প্রদর্শিত | ৪,৩২১.১৬ | ৪,৭৯৪.৩২ | ৪,৫৬৩.৪৫ | ৪,৭৯৪.৩২ |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (চালু থাকা ও বন্ধ হওয়া কার্যাদির জন্য) – | | | | |
| | (ক) মৌলিক : | ০.৪৫ | ৩.৩৫ | ২.২৩ | ৩.৭৭ |
| | (খ) মিশ্রিত : | ০.৪৫ | ৩.৩৫ | ২.২৩ | ৩.৭৭ |

দ্রষ্টব্য :
(১) উপরের ফলাফল নিরীক্ষণ কমিটি দ্বারা পুনরীক্ষিত এবং ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালন পর্ষদ দ্বারা তাদের সভায় অনুমোদিত হয়েছে।
(২) চলতি সময়কালের উপস্থাপনাকে নিশ্চিত করতে যেখানে প্রয়োজন সেখানে বিগত বর্ষের রাশিসমূহকে পুনর্শ্রেণীভুক্ত/পুনর্বিন্যস্ত/পুনর্বিবৃত করা হয়েছে।
(৩) ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফরম্যাটের সারাংশ উপরোক্তটি যা স্টক এক্সচেঞ্জে দাখিল করা হয়েছে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট (http://www.bseindia.com)-এ এবং কোম্পানির ওয়েবসাইট (http://www.nprfinance.com)-এ।
(৪) বিধিবদ্ধ নিরীক্ষকরা ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের ওপর একটি সীমিত সমীক্ষা চালিয়েছেন।
(৫) # - যেখানে প্রযোজ্য [illegible] অনুসারে ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা লাভ ও ক্ষতির বিবৃতিতে শামিল করা হয়েছে।

পর্ষদের আদেশানুসারে
এনপিআর ফিনান্স লিমিটেডের জন্য
সারিকা মেহরা
হোল টাইম ডিরেক্টর
DIN:- 06935192

তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০২০
স্থান: কলকাতা

---

## এজিও পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৫০৫, ডায়মন্ড হেরিটেজ, [illegible], এ.জে.সি. বোস রোড, কলকাতা-৭০০০১৭
CIN No: L21090WB1984PLC037968
ওয়েবসাইট: www.agiopaper.com, মেল আইডি: ho@agiopaper.com

৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক সময়ের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ

| বিবরণ | ৩০.০৬.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২০ তারিখে সমাপ্ত বর্ষের জন্য (নিরীক্ষিত) | ৩০.০৬.২০১৯ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য (অনিরীক্ষিত) |
|---|---|---|---|
| মোট রাজস্ব | ০.০৯ | ০.৪৯ | ০.০৬ |
| করের পরবর্তী সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) | (২৭.৭০) | (১৪৪.৬৬) | (২৯.৩১) |
| আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটির ফেসভ্যালু ১০/- টাকা) | ১,৬১২.৭৪ | ১,৬১২.৭৪ | ১,৬১২.৭৪ |
| শেয়ার পিছু আয় (প্রতিটি ১০/- টাকা) (বার্ষিকীকৃত নয়): | | | |
| মূল ও মিশ্র | (০.১৭) | (০.৯৬) | (০.১৮) |

দ্রষ্টব্য :
১. কর্পোরেট অ্যাফেয়ার্স মন্ত্রক দ্বারা জারিকৃত [illegible] কোম্পানি ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (আইএনডি এএস) মেনে চলছে ১ এপ্রিল ২০১৭ তারিখ থেকে এবং ত্রৈমাসিক যা সমাপ্ত হয়েছে ৩০ জুন, ২০২০ তারিখে তা আইএনডি এএস অনুযায়ী। [illegible]
২. উপরোক্তটি হল ত্রৈমাসিক/বর্ষ সমাপ্ত সময়ের আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস যা দাখিল করা হয়েছে স্টক এক্সচেঞ্জগুলিতে ২০১৫ সালের সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস -এর রেগুলেশন ৩৩ অধীনে। ত্রৈমাসিক সময়ের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.agiopaper.com)-এ পাওয়া যাবে।

পর্ষদের পক্ষে
এজিও পেপার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ-র পক্ষে
এম চক্রবর্তী
ডিরেক্টর
DIN-03106149

স্থান: কলকাতা
তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০২০

---

## অ্যাকনিট ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN: L01113WB1990PLC050020
**রেজিস্টার্ড অফিস :** ৮১৭ বুক, ২২৪ এ.জে.সি. বোস রোড, কলকাতা-৭০০০১৭
**কর্পোরেট অফিস:** ইকোস্টেশন, বুক-বিপি, প্লট নং ৭, সেক্টর ৫, ৪র্থ তল, স্যুইট নং ৪০৩, সল্টলেক, কলকাতা-৭০০০৯১
ফোন: (০৩৩) ২২৮৭-৮২২৩, ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৮২৬৯
ই-মেল : calcutta@acknitindia.com, ওয়েবসাইট : www.acknitindia.com

**সংশোধনী**
**গত ১৫.০৯.২০২০ তারিখে এই সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞাপনের সংশোধিত রূপ নিচে দেওয়া হল**

**৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**
(ইপিএস ব্যতীত লক্ষ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০২০ | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২০ | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৬.২০১৯ |
|---|---|---|---|
| মোট আয় কার্যাদি থেকে | ২৫০৩.৫০ | ১৭১৪৫.০০ | ৩৫৫৫.৮৮ |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর পূর্ব) | ৫৬.৪৪ | ৫৬০.৪০ | ৯৬.৪৭ |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর পরবর্তী) | ৪২.০৫ | ৪৩৬.৭৬ | ৬৬.৭৬ |
| মোট ব্যাপক আয় সময়কালের জন্য [এই সময়ের লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য মোট আয় (কর পরবর্তী)] | ৪২.০৫ | ৪২২.৭১ | ৬৬.৭৬ |
| ইকুইটি শেয়ার মূলধন | ৩০৪.০০ | ৩০৪.০০ | ৩০৪.০০ |
| অন্যান্য ইকুইটি | - | ৫২৬৬.২৪ | - |
| শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) | | | |
| মৌলিক : | ১.৩৮ | ১৪.৩৭ | ২.২০ |
| মিশ্রিত : | ১.৩৮ | ১৪.৩৭ | ২.২০ |

দ্রষ্টব্যঃ-
(ক) উপরোক্ত বিবৃতিটি সেবি (লিস্টিং ওবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুযায়ী স্টক এক্সচেঞ্জে পেশ করা ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত অনিরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট বোম্বাই স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট (www.acknitindia.com)-তে পাওয়া যাবে।
(খ) উপরিউক্ত ফলাফল অডিট কমিটি দ্বারা পুনরীক্ষিত এবং পরিচালন পর্ষদের ১৪.০৯.২০২০ তারিখের সভায় অনুমোদিত।
(গ) পূর্ববর্তী সময়ের সংখ্যাগুলিকে পুনঃসজ্জিত এবং পুনর্বিন্যস্ত করা হয়েছে।

ডিরেক্টরস বোর্ডের আদেশক্রমে
অ্যাকনিট ইন্ডাস্ট্রিজ লিমিটেড -এর পক্ষে
স্বা/-
শ্রী কৃষাণ সরাফ
ম্যানেজিং ডিরেক্টর
DIN : 00128999

স্থান: কলকাতা
তারিখ : ১৪.০৯.২০২০

---

## FORM G

### INVITATION FOR EXPRESSION OF INTEREST

(Under Regulation 36A (1) of the Insolvency and Bankruptcy (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016

| RELEVANT PARTICULARS | | |
|---|---|---|
| 1. | Name of the corporate debtor | **VISTA MINING PRIVATE LIMITED** |
| 2. | Date of incorporation of corporate debtor | 08th April, 2011 |
| 3. | Authority under which corporate debtor is incorporated / registered | Registrar of Companies, Kolkata |
| 4. | Corporate identity number / limited liability identification number of corporate debtor | U27310WB2011PTC161584 |
| 5. | Address of the registered office and principal office (if any) of corporate debtor | Suite No 503, 5th Floor, 1/1 Camac Street, Kolkata - 700016, West Bengal |
| 6. | Insolvency commencement date of the corporate debtor | 25th February, 2020 |
| 7. | Date of invitation of expression of interest | 16th September, 2020 |
| 8. | Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at: | Details as to the Eligibility of Resolution Applicants can be sought by emailing to the following Address: slahiri0207@gmail.com |
| 9. | Norms of ineligibility applicable under section 29A are available at: | As per section 29A and other provisions of the Insolvency & Bankruptcy Code, 2016. Available on the website of IBBI: http://ibbi.gov.in/webfront/legal_framework.php |
| 10. | Last date for receipt of expression of interest | 15th October, 2020 |
| 11. | Date of issue of provisional list of prospective resolution applicants | 25th October, 2020 |
| 12. | Last date for submission of objections to provisional list | 30th October, 2020 |
| 13. | Date of issue of final list of prospective resolution applicants | 10th November, 2020 |
| 14. | Date of issue of information memorandum, evaluation matrix and request for resolution plans to prospective resolution applicants | 30th October, 2020 |
| 15. | Manner of obtaining request for resolution plan, evaluation matrix, information memorandum and further information | Information memorandum, request for resolution plan and evaluation matrix will be shared by the Insolvency Professional with the shortlisted prospective resolution applicant(s) meeting the eligibility criteria as set out by the Committee of Creditors and compliance with section 29A of the I & B. Code, 2016, after receiving a confidentiality undertaking as per section 29(2) of the IBC 2016. |
| 16. | Last date for submission of resolution plans | 29th November, 2020 |
| 17. | Manner of submitting resolution plans to resolution professional | Through speed post /registered post or by handing a sealed cover Addressed to: Soumitra Lahiri, Insolvency Professional, Flat 14D & E, Tower -32, Genexx Valley, Joka, Diamond Harbour Road, Kolkata - 700104 and also emailing at slahiri0207@gmail.com |
| 18. | Estimated date for submission of resolution plan to the Adjudicating Authority for approval | 14th December, 2020 |
| 19. | Name and registration number of the resolution professional | **Soumitra Lahiri**, IBBI/IPA-001/IP-P00734/2017-2018/11232 |
| 20. | Name, Address and e-email of the resolution professional, as registered with the Board | **Soumitra Lahiri, IBBI Registration** details: Registration number: IBBI/IPA-001/IP-P00734/2017-2018/11232, **Registered address and mail ID with IBBI**: Flat No – 14D & E, Tower -32, Genexx Valley, Joka, Diamond Harbour Road, Kolkata – 700104. Email: slahiri0207@gmail.com |
| 21. | Address and email to be used for correspondence with the resolution professional | **Soumitra Lahiri**, Insolvency Professional, Flat No – 14D & E, Tower -32, Genexx Valley, Joka, Diamond Harbour Road, Kolkata – 700104. Email: slahiri0207@gmail.com |
| 22. | Further Details are available at or with | **Soumitra Lahiri**, Insolvency Professional |
| 23. | Date of publication of Form G | 16th September, 2020 |

Sd/-
**Soumitra Lahiri**
**Flat No. 14D & E, Tower -32, Genexx Valley, Joka,**
**Diamond Harbour Road, Kolkata - 700104.**
**Email:** slahiri0207@gmail.com
Registration Number: IBBI/IPA-001/IP-P00734/2017-2018/11232
Resolution Professional in the matter of **Vista Mining Private Limited**

[redacted] Kolkata
16th September, 2020